14 APR 2016
যুগান্তর

# জবিতে দু'দিনব্যাপী বৈশাখী মেলার আয়োজন

জবি প্রতিনিধি

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বাংলা বর্ষবরণ উপলক্ষে দুই দিনব্যাপী (১৩-১৪ এপ্রিল) বৈশাখী মেলার উদ্বোধন করা হয়েছে। পোগোজ ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ (আইইআর) প্রাঙ্গণে বুধবার বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. মীজান  রহমান এ মেলার উদ্বোধন করেন. এ সময় তিনি বলেন, 'ঢাকার ঐতিহ্যবাহী স্থান হচ্ছে পুরান ঢাকা। প্রাচীনকাল হতে পুরান ঢাকাকে কেন্দ্র করেই সাংস্কৃতিক বিকাশ ঘটেছিল। পুরান ঢাকার ঐতিহ্যকে ফিরিয়ে আনতে আমরা চেষ্টা চালিয়ে যাচ্ছি। এরই ধারাবাহিকতায় বৈশাখী মেলার আয়োজন করা হয়েছে।' অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও বৈশাখী মেলা উদযাপন উপ-কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. কাজী সাইফুদ্দীন। উপ-কমিটির সদস্য-সচিব ড. মো. মনিরুজ্জামানের সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন— বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, ইন্সটিটিউটের পরিচালক, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও শিক্ষক-শিক্ষার্থীরা। এই মেলা আজ বিকাল ৫টা পর্যন্ত চলবে। বিশ্ববিদ্যালয়ের বর্ষবরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ সাঈদ খোকন।